ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৩৪২

আগরতলা, ১ জানুয়ারি, ২০২৫

**পর্যটকদের জন্য আরবানিয়া বাস পরিষেবার সূচনা**
**নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে পর্যটন শিল্পের বিকাশে সরকার অগ্রাধিকার দিয়েছে ঃ পর্যটন মন্ত্রী**






পর্যটন শিল্পের বিকাশ রাজ্য সরকারের অগ্রাধিকারের ক্ষেত্র। নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে পর্যটন শিল্পের বিকাশে সরকার অগ্রাধিকার দিয়েছে। আজ উজ্জয়ন্ত প্রাসাদের জলাশয়ে পর্যটকদর বিনোদনের জন্য ১০টি প্যাডেল বোট এবং ২টি অত্যাধুনিক শীততাপ নিয়ন্ত্রিত আরবানিয়া বাস পরিষেবার সূচনা করে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। অনুষ্ঠানে পর্যটনমন্ত্রী আরও বলেন, পর্যটন শিল্পের বিকাশে রাজ্য সরকার ও পর্যটন উন্নয়ন নিগম সুনির্দিষ্ট পরিকল্পনা নিয়ে কাজ করছে। এর ফলে আগামী দিনে রাজ্যে তার সুদূর প্রসারী প্রভাব পড়বে। অনুষ্ঠানে পর্যটন মন্ত্রী ফ্ল্যাগ নেড়ে আনুষ্ঠানিকভাবে প্যাডেল বোট ও আরবানিয়া বাস পরিষেবার সূচনা করেন।

অনুষ্ঠানে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী রাজ্যবাসীকে ইংরেজী নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বলেন, আজ একটি খুব সুন্দর ও খুশির দিন। এই সুন্দর দিনেই ত্রিপুরা পর্যটন উন্নয়ন নিগমের ধারাবাহিক উন্নয়নে এক নতুন পালকের সংযোজন হল। পর্যটন উন্নয়ন নিগম আগামী দিনে এমন আরও নতুন নতুন চিন্তা ভাবনা ও পরিকল্পনা নিয়ে পর্যটন শিল্পের বিকাশে কাজ করবে। তিনি বলেন, রাজ্যের আকর্ষনীয় পর্যটন কেন্দ্রগুলি দেখার জন্য রাজ্যের ও বহি:রাজ্যের পর্যটকদের সুবিধার জন্য আরবানিয়া বাস পরিষেবা চালু করা হয়েছে। এই আধুনিক বাস পরিষেবার জন্য পর্যটকদের কাছে রাজ্যের পর্যটন কেন্দ্রগুলির ভ্রমণ আরও আকর্ষনীয় হবে। এই অত্যাধুনিক দুটি বাস ক্রয় করতে ৫৭ লক্ষ ৮৬ হাজার টাকা ব্যয় হয়েছে। এই বাস দুটি ভারত সরকারের জেম পোর্টালের মাধ্যমে ক্রয় করা হয়েছে। ফোর্স মোটর কোম্পানী বাসগুলি তৈরী করেছে। বাস দুটিতে ১৭ জন করে যাত্রীর বসার ব্যবস্থা রয়েছে। পর্যটন মন্ত্রী বলেন, রাজ্যের বিভিন্ন পর্যটন কেন্দ্রের জলাশয়গুলিতে নৌকাবিহারের জন্যও ৫০টি অত্যাধুনিক বোট কেনা হয়েছে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পর্যটন দপ্তরের অধিকর্তা প্রশান্ত বাদল নেগী। উপস্থিত ছিলেন যুগ্ম অধিকর্তা অনিরুদ্ধ রায়।

******